# নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
নোয়াখালী-৩৮১৪

নোবিপ্রবি/রেজি/সং-শা/কনি/১৬০/২০২৫/১১৫২০ ২৭ মে ২০২৫

## নিয়োগ বিজ্ঞপ্তি

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের নিম্নোক্ত স্থায়ী ও শুন্যপদের বিপরীতে কর্মকর্তা ও কর্মচারী পদ পূরণের লক্ষ্যে বর্ণিত যোগ্যতাসম্পন্ন বাংলাদেশের নাগরিকদের নিকট হতে এই বিশ্ববিদ্যালয়ের নির্দিষ্ট ফরমে দরখাস্ত আহ্বান করা হচ্ছে:

| ক্রম | পদের নাম ও বেতন কাঠামো (জাতীয় বেতন কাঠামো ২০১৫) | শূন্য পদ | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ০১ | পরিচালক (হিসাব)<br>(গ্রেড-৩, জাতীয় বেতন কাঠামো ২০১৫)<br>(পুনঃবিজ্ঞপ্তি) | ০১ | **শিক্ষাগত যোগ্যতা:** প্রার্থীকে বাংলাদেশের অথবা বিদেশের কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিবিএসহ এমবিএ/৩-৪ বছর মেয়াদি বিকম অনার্সসহ এমকম/পাস কোর্সে বিকমসহ এমকম ডিগ্রিধারী হতে হবে। স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে কমপক্ষে দ্বিতীয় শ্রেণি/সিজিপিএ-২.৫০ থাকতে হবে। এসএসসি ও এইচএসসি উভয় ক্ষেত্রে কমপক্ষে দ্বিতীয় বিভাগ/জিপিএ-২.৫০ থাকতে হবে। স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি পর্যায়ের প্রথম শ্রেণি/সমমানের গ্রেড প্রাপ্তদের এবং এফসিএ/সিএ/আইসিএমএ/সমমান ও পিএইচডি/সমমানের ডিগ্রিধারীদের অগ্রাধিকার দেয়া হবে।<br>**অভিজ্ঞতা:** অর্থ/হিসাব/বাজেট ও সংশ্লিষ্ট অন্যান্য কাজে সরকারি/আধা সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে/স্বনামধন্য বেসরকারি প্রতিষ্ঠানে/বিশ্ববিদ্যালয়ে ১ম শ্রেণি (৯ম গ্রেড) বা সমমানের কর্মকর্তা ও তদুর্ধ্ব পদে কমপক্ষে ১৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। তন্মধ্যে ডেপুটি কম্পট্রোলার/ডেপুটি ডাইরেক্টর/উপ পরিচালক, অর্থ ও হিসাব, বা সমপর্যায়ের (অর্থ, হিসাব ও বাজেট সংক্রান্ত) পদে কমপক্ষে ৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স অনূর্ধ্ব ৫০ বছর। |
| ০২ | পরিচালক<br>(পরিকল্পনা, উন্নয়ন ও ওয়ার্কস)<br>(গ্রেড-৩, জাতীয় বেতন কাঠামো ২০১৫)<br>(পুনঃবিজ্ঞপ্তি) | ০১ | **শিক্ষাগত যোগ্যতা:** প্রার্থীকে বাংলাদেশের অথবা বিদেশের কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অর্থনীতি/ব্যবসায় শিক্ষা/ব্যবসায় প্রশাসন/পরিসংখ্যান/উন্নয়ন অধ্যয়ন বিষয়ে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি অথবা প্রকৌশল বিষয়ে স্নাতক ডিগ্রিধারী হতে হবে। স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে কমপক্ষে দ্বিতীয় শ্রেণি/সিজিপিএ-২.৫০ থাকতে হবে। এসএসসি ও এইচএসসি উভয় ক্ষেত্রে কমপক্ষে দ্বিতীয় বিভাগ/জিপিএ-২.৫০ থাকতে হবে। স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি পর্যায়ের প্রথম শ্রেণি/সমমানের গ্রেড প্রাপ্ত, পিএইচডি ডিগ্রিধারী এবং পরিকল্পনা, প্রকল্প প্রণয়ন, প্রকল্প ব্যবস্থাপনা, উন্নয়ন ও সংশ্লিষ্ট বিষয়ক প্রশিক্ষণ প্রাপ্তদের অগ্রাধিকার দেয়া হবে।<br>**অভিজ্ঞতা:** প্রকল্প প্রণয়ন, প্রকল্প ব্যবস্থাপনা, পরিকল্পনা ও উন্নয়ন সংক্রান্ত কাজে সরকারি/আধা সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে/স্বনামধন্য বেসরকারি প্রতিষ্ঠানে/বিশ্ববিদ্যালয়ে ১ম শ্রেণি (৯ম গ্রেড) বা সমমানের কর্মকর্তা ও তদুর্ধ্ব পদে কমপক্ষে ১৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। তন্মধ্যে উপ-পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন বা সমমানের পদে ৫ বছরের অভিজ্ঞতা/সুপারিনটেনডেন্ট ইঞ্জিনিয়ার বা সমমানের পদে ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স অনূর্ধ্ব ৫০ বছর। |

| | | | |
|---|---|---|---|
| ০৩ | **চীফ মেডিকেল অফিসার**<br>মেডিকেল সেন্টার<br>(গ্রেড-৩, জাতীয় বেতন কাঠামো ২০১৫)<br>(পুনঃবিজ্ঞপ্তি) | ০১ | **শিক্ষাগত যোগ্যতা:** এমবিবিএস ডিগ্রিসহ; পোস্ট গ্র্যাজুয়েট ডিগ্রি/ডিপ্লোমা থাকতে হবে। এফসিপিএস ডিগ্রিধারীদের অগ্রাধিকার দেয়া হবে।<br>**অভিজ্ঞতা:** ইন্টার্নশিপ সম্পন্ন করার পর সরকারি, আধা সরকারি অথবা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে/বিশ্ববিদ্যালয়ে/স্বনামধন্য বেসরকারি মেডিকেল কলেজ বা প্রতিষ্ঠানে চিকিৎসক হিসেবে ১৪ বছরের অভিজ্ঞতা; তন্মধ্যে ডেপুটি চীফ মেডিকেল অফিসার/সমমানের চিকিৎসক পদে ০৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স অনূর্ধ্ব ৫০ বছর। |
| ০৪ | **ডেপুটি চীফ মেডিকেল অফিসার**<br>মেডিকেল সেন্টার<br>(গ্রেড-৫, জাতীয় বেতন কাঠামো ২০১৫)<br>(পুনঃবিজ্ঞপ্তি) | ০১ | **শিক্ষাগত যোগ্যতা:** এমবিবিএস ডিগ্রিসহ পোস্ট গ্র্যাজুয়েট ডিগ্রি/ডিপ্লোমা থাকতে হবে। এফসিপিএস ডিগ্রিধারীদের অগ্রাধিকার দেয়া হবে।<br>**অভিজ্ঞতা:** ইন্টার্নশিপ সম্পন্ন করার পর সরকারি/আধা সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে/বিশ্ববিদ্যালয়ে/স্বনামধন্য বেসরকারি মেডিকেল কলেজ বা প্রতিষ্ঠানে চিকিৎসক হিসেবে ১০ বছরের অভিজ্ঞতা; তন্মধ্যে সিনিয়র মেডিকেল অফিসার/সমমানের চিকিৎসক হিসেবে ৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স অনূর্ধ্ব ৪৭ বছর। |
| ০৫ | **সিনিয়র মেডিকেল অফিসার**<br>মেডিকেল সেন্টার<br>(গ্রেড-৬, জাতীয় বেতন কাঠামো ২০১৫)<br>(পুনঃবিজ্ঞপ্তি) | ০১ | **শিক্ষাগত যোগ্যতা:** এমবিবিএস ডিগ্রিসহ পোস্ট গ্র্যাজুয়েট ডিগ্রি/ডিপ্লোমা থাকতে হবে। এফসিপিএস/এমএস/এমডি (মেডিসিন/সার্জারি) ডিগ্রিধারীদের অগ্রাধিকার দেয়া হবে।<br>**অভিজ্ঞতা:** ক. পোস্ট গ্র্যাজুয়েট ডিগ্রি/ডিপ্লোমা থাকলে ইন্টার্নশিপ সম্পন্ন করার পর মেডিকেল অফিসার হিসেবে সরকারি/আধা সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে/বিশ্ববিদ্যালয়ে/স্বনামধন্য বেসরকারি মেডিকেল কলেজ বা প্রতিষ্ঠানে ৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।<br>খ. এমবিবিএস ডিগ্রি। ইন্টার্নশিপ শেষ করার পর মেডিকেল অফিসার হিসেবে ৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।<br>গ. বিএমডিসি রেজিস্ট্রেশন থাকতে হবে। বয়সসীমা অনূর্ধ্ব ৪০ বছর।<br>**বি.দ্র.:** সিনিয়র মেডিকেল অফিসার পদে প্রার্থী পাওয়া না গেলে মেডিকেল অফিসার পদে নিয়োগ দেয়া হবে। মেডিকেল অফিসার পদের (গ্রেড-৯) শিক্ষাগত যোগ্যতার ক্ষেত্রে এমবিবিএস ডিগ্রি থাকতে হবে। পোস্ট গ্র্যাজুয়েট ডিগ্রিধারীদের অগ্রাধিকার দেয়া হবে। বিএমডিসি রেজিস্ট্রেশন থাকতে হবে। |
| ০৬ | **সহকারী পরিচালক**<br>এক্সটার্নাল অ্যাফেয়ার্স অফিস<br>(গ্রেড-৭, জাতীয় বেতন কাঠামো ২০১৫)<br>(পুনঃবিজ্ঞপ্তি) | ০১ | **শিক্ষাগত যোগ্যতা:** ৪ বছরের স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর ডিগ্রি/৩ বছরের স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর ডিগ্রি/পাস কোর্সে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি; স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে ন্যূনপক্ষে দ্বিতীয় শ্রেণি/সিজিপিএ-২.৫০ থাকতে হবে। এসএসসি ও এইচএসসি উভয় ক্ষেত্রে কমপক্ষে দ্বিতীয় শ্রেণি/জিপিএ-২.৫০ থাকতে হবে। স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে ১ম শ্রেণি/সিজিপিএ ৩.০০ প্রাপ্তদের অগ্রাধিকার দেয়া হবে।<br>**অভিজ্ঞতা:** সরকারি/আধা সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে/স্বনামধন্য বেসরকারি প্রতিষ্ঠানে/বিশ্ববিদ্যালয়ে ১ম শ্রেণি (গ্রেড ৯) বা সমমানের কর্মকর্তা পদে কমপক্ষে ৫ বছরের কমিউনিকেশন, স্ট্র্যাটেজিক কমিউনিকেশন, কোলাবোরেশন, জনসংযোগ ও গণমাধ্যম বা পদ সংশ্লিষ্ট সমজাতীয় কাজের অভিজ্ঞতা থাকতে হবে। বয়সসীমা অনূর্ধ্ব ৩৮ বছর।<br>**বি. দ্র.:** উপযুক্ত, যোগ্য ও অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থী পাওয়া না গেলে উক্ত পদের বিপরীতে ৯ম গ্রেডে সেকশন অফিসার পদে নিয়োগ দেয়া হবে। এক্ষেত্রে উপরে বর্ণিত একই শিক্ষাগত যোগ্যতা প্রযোজ্য হবে। বয়সসীমা অনূর্ধ্ব ৩২ বছর। |

| | | | |
|---|---|---|---|
| ০৭ | উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) (গ্রেড-১০, জাতীয় বেতন কাঠামো ২০১৫) (পুনঃবিজ্ঞপ্তি) | ০১ | **শিক্ষাগত যোগ্যতা:** সরকারি/স্বীকৃত বেসরকারি প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট ক্ষেত্রে বা বিষয়ে ইঞ্জিনিয়ারিং এ ৩/৪ বছর মেয়াদি ডিপ্লোমা ডিগ্রি ও কমপক্ষে দ্বিতীয় শ্রেণি/জিপিএ ২.৫০ থাকতে হবে। এসএসসি ও এইচএসসিতে কমপক্ষে দ্বিতীয় শ্রেণি/জিপিএ ২.৫ থাকতে হবে। বয়সসীমা অনূর্ধ্ব ৩২ বছর। |
| ০৮ | মেকানিক (পরিবহন) পরিবহন পুল (গ্রেড-১৬, জাতীয় বেতন কাঠামো ২০১৫) (পুনঃবিজ্ঞপ্তি) | ০১ | **শিক্ষাগত যোগ্যতা:** সর্বস্তরে কমপক্ষে দ্বিতীয় বিভাগ/জিপিএ-২.৫০ সহ নূন্যতম এইচএসসি (বিজ্ঞান) পাশ। সরকারি/আধা সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে/বিশ্ববিদ্যালয়ে/স্বনামধন্য বেসরকারি প্রতিষ্ঠানে পরিবহন সংশ্লিষ্ট কাজে সুপার ভাইজার/টেকনিশিয়ান/মেকানি হেভি গাড়ির ড্রাইভার হিসেবে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে। বয়সসীমা অনূর্ধ্ব ৩২ বছর। |
| ০৯ | পাওয়ার স্টেশন অপারেটর পরিকল্পনা, উন্নয়ন ও ওয়ার্কস দফতর (গ্রেড-১৮, জাতীয় বেতন কাঠামো ২০১৫) (পুনঃবিজ্ঞপ্তি) | ০১ | **শিক্ষাগত যোগ্যতা:** কমপক্ষে জিপিএ ২.৫০ সহ এসএসসি (বিজ্ঞান)/এসএসসি ভোকেশনাল/সমমান পাশ হতে হবে। বৈদ্যুতিক কাজের ABC ক্যাটাগরির লাইসেন্সধারীদের অগ্রাধিকার দেয়া হবে।<br><br>অভিজ্ঞতা: সংশ্লিষ্ট কাজে ০৫ বছরের অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিল করা যেতে পারে। বৈদ্যুতিক সাব স্টেশন অপারেটিং কাজে ০৩ বছরের অভিজ্ঞতা অবশ্যই থাকতে হবে। বয়সসীমা অনূর্ধ্ব ৩২ বছর। |
| ১০ | সহকারী টেকনিশিয়ান (এসি) (গ্রেড-১৮, জাতীয় বেতন কাঠামো ২০১৫) (পুনঃবিজ্ঞপ্তি) | ০১ | **শিক্ষাগত যোগ্যতা:** এসএসসি (বিজ্ঞান) পাশ। এসি মেকানিক সংশ্লিষ্ট কাজে ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিল করা যেতে পারে। কোন স্বীকৃত কারিগরি প্রতিষ্ঠান থেকে ৬ মাস মেয়াদি ইলেকট্রিক্যাল, ইলেকট্রনিক্স, এসি, ফ্রিজ এ ট্রেড কোর্স পাশ।<br><br>**অভিজ্ঞতা:** সংশ্লিষ্ট পদে ০২ বছরের অভিজ্ঞতা অবশ্যই থাকতে হবে। বয়স অনুর্ধ্ব ৩২ বছর। |
| ১১ | লিফট মেকানিক (গ্রেড-১৮, জাতীয় বেতন কাঠামো ২০১৫) (পুনঃবিজ্ঞপ্তি) | ০২ | **শিক্ষাগত যোগ্যতা:** এসএসসি (বিজ্ঞান) পাশ। কোন স্বীকৃত কারিগরি প্রতিষ্ঠান থেকে কমপক্ষে ৬ মাস মেয়াদী মেকানিক্যাল ট্রেড কোর্স পাশ। ৫ (পাঁচ) বছরের অধিক বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিল করা যেতে পারে।<br><br>**অভিজ্ঞতা:** লিফট সংক্রান্ত কজে ০২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স অনুর্ধ্ব ৩২ বছর। |

আবেদনের শর্তাবলী:

১. কর্মকর্তা ও কর্মচারী পদে আগ্রহী প্রার্থীদের বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.nstu.edu.bd) থেকে নির্ধারিত আবেদন ফরম ডাউনলোড করে স্বহস্তে/কম্পিউটার কম্পোজ করে আবেদন করতে হবে।

২. উপরোক্ত কর্মকর্তা ও কর্মচারী পদে আগামী ১৭ জুন ২০২৫ তারিখের মধ্যে (অফিস চলাকালীন সময়) রেজিস্ট্রার বরাবর কর্মকতার ক্ষেত্রে ৩য় গ্রেডের পদে আবেদনকারীদের ০৯ সেট, ৫ম, ৬ষ্ঠ, ৭ম, ৯ম ও ১০ম গ্রেডের পদে আবেদনকারীদের ০৮ সেট এবং কর্মচারীর ক্ষেত্রে (গ্রেড ১১-২০) আবেদনকারীদের ০৬ সেট আবেদনপত্র A4 সাইজ খামে সরাসরি/ডাকযোগে জমা দিতে হবে। প্রতি সেট আবেদনপত্রের সঙ্গে (ক) জাতীয় পরিচয়পত্র (খ) পাসপোর্ট সাইজের ০২ কপি সত্যায়িত রঙিন ছবি (গ) শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেটের সত্যায়িত ফটোকপি (ঘ) অভিজ্ঞতার সার্টিফিকেটের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে। উক্ত তারিখের পর কোন আবেদন গ্রহণ করা হবে না।

৩. প্রত্যেক প্রার্থীকে খামের উপর তাঁর নাম, ঠিকানা ও প্রার্থিত পদের নাম স্পষ্টাক্ষরে লিখতে হবে।

৪. অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে। আবেদনকারীদের নোবিপ্রবি আয় হিসাব নম্বর ০২০০০০৫৩২৬৫৮৪, অগ্রণী ব্যাংক লিমিটেড, নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় শাখা এর বিপরীতে (অফেরতযোগ্য) ৩য় থেকে ৯ম গ্রেডের পদের জন্য ২০০.০০ (দুইশত) টাকা, ১১ ও ১২ তম গ্রেডের পদের জন্য ১৫০.০০ (একশত পঞ্চাশ) টাকা, ১৩ থেকে ১৬ তম গ্রেডের পদের জন্য ১০০.০০ (একশত) এবং ১৭ থেকে ২০ তম গ্রেডের পদের জন্য ৫০.০০ (পঞ্চাশ) টাকা পে-অর্ডার/অনলাইনে জমা প্রদানপূর্বক মূল রশিদ আবেদনপত্রের সাথে সংযুক্ত করে রশিদের ক্রমিক নম্বর আবেদনে উল্লেখ করতে হবে।

৫. MPQ (Minimum Prescribed Qualification) শর্ত পূরণ সাপেক্ষে অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে শর্ত শিথিল করা যেতে পারে।

৬. অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে পূর্বেকার চাকরি গণনা করে নোবিপ্রবির চাকরি গণনা সংশ্লিষ্ট কমিটি কর্তৃক অনুমোদনের কপি আবেদনের সময় জমা দিতে হবে।

৭. কোন প্রার্থীর বয়স গণনার সর্বশেষ সীমা হিসেবে নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লেখিত আবেদনপত্র জমাদানের শেষ তারিখ বিবেচিত হবে।

৮. আবেদনের ক্ষেত্রে শিক্ষা জীবনে কোন পরীক্ষায় ৩য় শ্রেণি/সিজিপিএ ২.৫০ এর কম গ্রহণযোগ্য নয়।

৯. প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে। দ্বৈত নাগরিকত্ব গ্রহণযোগ্য নয়।

১০. চাকরিরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। বিদেশে চাকরিরত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদনের বাধ্যবাধকতা নেই।

১১. কোটায় আবেদনকারীদের ক্ষেত্রে সরকারি নিয়ম অনুসরণ করা হবে।

১২. আবেদনকারীকে আবেদন পত্রে অবশ্যই শিক্ষাগত যোগ্যতার সকল সার্টিফিকেট ও ডিগ্রি উল্লেখ করতে হবে। কোন তথ্য গোপন করলে বা উল্লেখ না করলে ভবিষ্যতে তার পরীক্ষা পাশের সার্টিফিকেট নথিতে সংযুক্ত করা হবে না এবং প্রার্থীর তথ্য গোপনের কারণে আবেদনপত্র বাতিলসহ যথাযথ আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

১৩. অনুমোদিত পদ থাকা সাপেক্ষে বিজ্ঞাপিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি হতে পারে।

১৪. কর্তৃপক্ষ নিয়োগ বিজ্ঞপ্তির যে কোন অংশের পরিবর্তন/পরিবর্ধন বা সম্পূর্ণ নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা রাখে।

১৫. আবেদন বিবেচনা এবং নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।

১৬. লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্যে প্রার্থীকে কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৭. বর্ণিত পদসমূহে নিয়োগের ক্ষেত্রে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের নিয়োগ বিধি এবং প্রযোজ্য অন্যান্য সরকারি নিয়ম ও আনুষ্ঠানিকতা অনুসরণ করা হবে।

১৮. নির্বাচিত প্রার্থীকে মেডিকেল ডোপ টেস্টে উত্তীর্ণ হতে হবে।

১৯. অধিকতর যোগ্যতা ও অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের জন্য বিভাগ/শ্রেণি অথবা বয়স শিথিলযোগ্য।

মোহাম্মদ তামজিদ হোছাইন চৌধুরী
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
নোয়াখালী-৩৮১৪
ফোন: ০২৩৩৪৪৯৬৫২২